


ব্রি ধান৬৮

জাত পরিচিতিঃ	ব্রি ধান৬৮ এর কৌলিক সারি নং-বিআর৭৮৩০-১৬-১-৫-৩। এ কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুরে আইআর৬৮১৪৪ এর সাথে ব্রি ধান২৯ পশ্চাৎ সংকরায়ন এবং বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত। উক্ত কৌলিক সারিটি বিভিন্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষার পর বোরো ২০১৪ সালে কৃষকের মাঠে ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।
জাতের বৈশিষ্ট্যঃ	ব্রি ধান৬৮ তে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এছাড়া অঞ্জাজ অবস্থায় গাছের আকার ও আকৃতি ব্রি ধান২৮ এর চেয়ে সামান্য খাটো। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ৯৫ সে. মি। কান্ড মজবুত বিধায় সহজে ঢলে পড়ে এ জাতের ডিগ পাতা খাড়া ও গাঢ় সবুজ রঙের। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৭.৪ গ্রাম। চালের আকার আকৃতি মাঝারি মোটা এবং রং সাদা। এ জাতের চালে শতকরা ৭.৭ ভাগ প্রোটিন এবং ২৫.৭ ভাগ এমাইলোজ রয়েছে। 
এ জাতের বিশেষ প্রয়োজনীয়তাঃ	ব্রি ধান৬৮ এর জীবনকাল ব্রি ধান২৮ এর চেয়ে ৪-৫ দিন নাবী। এ জাতের ভাত ঝাঁক এবং স্বাদ ও অবয়বে বিআর১১ এর মত।
জীবনকালঃ	এ জাতের গড় জীবনকাল ১৪৯ দিন।
ফলনঃ	ব্রি ধান৬৮ এর গড় ফলন হেক্টর প্রতি ৭.৩ টন, তবে উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টরে ৯.২ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম।
চাষাবাদ পদ্ধতিঃ	এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী বোরো ধানের জাতের মতই। বীজ বপনের উপযুক্ত সময় হলো ১৫ ই নভেম্বর থেকে ৩০ শে নভেম্বর অর্থাৎ ১ লা অগ্রহায়ণ থেকে ১৫ ই অগ্রহায়ণের মধ্যে বীজ বপন করে ৩৫-৪০ দিনের চারা গোছা প্রতি ২/৩ টি করে ২০ সে.মি x ১৫ সে.মি স্পেসিং দিয়ে রোপন করতে হবে। মাঝারি উঁচু থেকে উঁচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত।
সার ব্যবস্থাপনাঃ	হেক্টর প্রতি সারের মাত্রা অন্যান্য উফশী জাতের মতই (২৬০: ১০০: ১২০ কেজি ইউরিয়া, টিএসপি, এমপি/হেক্টর এবং ১১০ ও ১০ কেজি করে জিপসাম ও জিংক সালফেট)। সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, জিংক সালফেট, জিপসাম এবং এমপি সার প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা রোপনের ১৫ দিন পর ১ম কিস্তি এবং ২৫-৩০ দিন পর ২য় কিস্তি এবং ৫০-৫৫ দিন পর প্রয়োগ করতে হবে।
আগাছা দমনঃ	-
সেচ ব্যবস্থাপনাঃ	-
রোগবালাই দমনঃ	ব্রি ধান৬৮ তে রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে কম হয়। এ জাতটিতে পাতা পোড়া, খোল পোড়া এবং ব্লাস্ট রোগ প্রতিরোধ ক্ষমতা রয়েছে। তবে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণে সমন্বিত বালাই দমন ব্যবস্থা প্রয়োগ করা উচিত।
ফসল পাকা ও কাটাঃ	-